# রাজশাহী জেলার দূর্গাপুর উপজেলার সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আনোয়ার সাদাত
উপজেলা নির্বাহী অফিসার
দূর্গাপুর, রাজশাহী।

সভার তারিখ : ১৩/১১/২০১৭ খ্রিঃ

সভার সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা " ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অতঃপর নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন সন্ত্রাস ও নাশকতা সভার অনুষ্ঠান : অত্র উপজেলার নওপাড়া, মাড়িয়া,ঝালুকা এবং জয়নগর ইউনিয়ন পরিষদ ব্যতিত অন্য কোন ইউনিয়ন ও পৌরসভা হতে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায় নাই । সন্ত্রাস নাশকতা বিষয়ে এ উপজেলায় কোন ঘটনা না থাকলেও সাম্প্রতিক দেশে ঘটে যাওয়া জঙ্গীবাদের দুটি ঘটনায় মানুষ অস্থিতিকর পরিবেশে সারা দেশে প্রতিবাদমুখর হয়ে উঠেছে। সভাপতি দেশের আইন-শৃংখলা রক্ষার্থে সকলকে এগিয়ে আসার আহবান জানান। | অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নে ও পৌরসভাতে প্রতি মাসে নিয়মিত সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠান করে কার্যবিবরণী পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া এলাকার গ্রামে মহল্লায় কোন অপরিচিত আগন্তক ও সন্দেহজনক ব্যক্তির গতিবিধি পরিলক্ষিত হলে তাৎক্ষনিকভাবে উপজেলা প্রশাসন/ থানাকে অবহিত করার জন্য বলা হলো। | মেয়র, দূর্গাপুর পৌরসভা/ সকল ইউপি চেয়ারম্যান |
| ০২ | জনমত সৃষ্টিঃ সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ করে জনমত সৃষ্টির জন্য মসজিদ, মাদ্রাসা, শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের ইমাম, মুয়াজ্জিন, মসজিদ কমিটির সভাপতি, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সঙ্গে মতবিনিময় সভা করে সন্ত্রাস ও নাশকতা বিরোধী বক্তব্যের মাধ্যমে জনসচেতনা বৃদ্ধি করার বিষয় আলোচনা করা হয়। | সন্ত্রাস ও নাশকতা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যান, সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | সকল ইউপি চেয়ারম্যান ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ৩ | নিরাপত্তা ব্যবস্থাঃ অত্র উপজেলার সরকারী ও বেসরকারী স্থাপনা সমূহে ও স্কুল কলেজ, মাদ্রাসা সমূহের নিরাপত্তার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। স্ব-স্ব ভবন, প্রতিষ্ঠানের নিরাপত্তার লক্ষ্যে গ্রাম পুলিশদের টহল জোরদার করার জন্য ইউ, পি চেয়ারম্যানগণকে বলা হলো।<br>২। স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানগণকে তাদের নিজেস্ব লোকবল দিয়ে প্রাথমিকভাবে ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো।<br>৩। অফিসার ইনচার্জ, দূর্গাপুর, রাজশাহীকে গুরুত্বপূর্ণ রাস্তাঘাট ও স্থাপনাসমূহে পুলিশি টহলের ব্যবস্থা জোরদার করণের জন্য অনুরোধ করা হলো। | স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান/ অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা/ সকল ইউপি চেয়ারম্যান |
| ৪ | মসজিদ/গীর্জা/মন্দিরে আলোচনা : গ্রামে-গ্রামে মসজিদের ইমাম ও পুরোহিতদের নিয়ে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ের উপর আলোচনা হয়। | মসজিদের ইমাম ও পুরোহিত, সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, দূর্গাপুর, রাজশাহীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং প্রতি মাসে প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো। | সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, সভাপতি পূজা উদযাপন পরিষদ, আহ্বায়ক কমিউনিটি পুলিশ,দূর্গাপুর |
| ৫ | শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা : উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এসেম্বলির সময় জাতীয় সংগীতের পূর্বে ২/৩ মিনিটের জন্য স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের উদ্দেশ্যে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদকবিরোধী বক্তব্য প্রদান এবং সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ের উপর আলোচনা হয়। | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দূর্গাপুর, রাজশাহীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং প্রতিমাসে প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো। | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | ছাত্রাবাস/মেসসমূহ নিয়ন্ত্রণ ঃ সাম্প্রতিক কালে দেখা যাচ্ছে যে, বিভিন্ন ছাত্রাবাস ও মেস সমূহে বোর্ডাররা বিভিন্ন নাশকতা কাজের সাথে জড়িত হয়ে পড়ছে। এমতাবস্থায় ছাত্রাবাস/ মেস সমূহের কার্যক্রম নিয়ন্ত্রণ ও নজরদারী বৃদ্ধি করার জন্য আইন-শৃংখলা বাহিনীকে অনুরোধ জানানো হয় এবং তথ্য আদান- প্রদানের লক্ষে সমন্বয় রক্ষার জন্য বলা হলো। | ছাত্রাবাসে/মেসে অবস্থানরত যেসকল ছাত্র/ ছাত্রী রয়েছে তারা যাতে সন্ত্রাস ও নাশকতামূলক কাজে জড়িয়ে না পড়ে সে বিষয়ে খোঁজ-খবর রাখার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো। | সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৭ | রাস্তার নিরাপত্তা ঃ রাস্তার নিরাপত্তা নিশ্চিত করার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীকে আরো তৎপর হয়ে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়। | অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা, দূর্গাপুর, রাজশাহীকে গুরুত্বপূর্ণ সড়কগুলোতে পুলিশী টহল জোরদার করণের জন্য বলা হলো। | অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা |
| ০৮ | মসজিদের মাইক ব্যবহার ঃ মসজিদের মাইক অপব্যবহার রোধে মসজিদ পরিচালনা কমিটি, ইমাম,খতিব ও মুয়াজ্জিনদের সতর্ক হওয়ার জন্য বলা হলো। | সুপারভাইজার,ইসলামিক ফাউন্ডেশন,দূর্গাপুর, রাজশাহীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং প্রতিমাসে প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো। | সুপারভাইজার ইসলামীক ফাউন্ডেশন,দূর্গাপুর |
| ০৯ | সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা ঃ সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করার জন্য স্থানীয় জন প্রতিনিধিদের সম্পৃক্ত করে জন সচেতনতা বৃদ্ধির কার্যক্রম পরিচালনার জন্য সভায় সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান, মেয়র, দূর্গাপুর পৌরসভা ও সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, দূর্গাপুর, রাজশাহীর প্রতি দৃষ্টি রাখা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান, মেয়র, ইউপি চেয়ারম্যানসহ সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশান, দূর্গাপুর, রাজশাহী এবং সভাপতি, পূজা উদযাপন পরিষদকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো। | মেয়র,দূর্গাপুর পৌরসভা/সকল ইউপি চেয়ারম্যান/সভাপতি পূজা উদ্‌যাপন পরিষদ/সভাপতি বৌদ্ধ খৃষ্টান ঐক্য পরিষদ,দূর্গাপুর |

আলোচনার আর বিশেষ কিছু না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষনা করেন।

( মোঃ আনোয়ার সাদাত)
সভাপতি
উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
দূর্গাপুর, রাজশাহী

স্মারক নং-০৫.৪৩.৮১৩১.০০০.০৮.০২১.১৭- ৪৭৬(৩৫)

তারিখঃ ২৭/১১/২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য,৫৬-রাজশাহী-৫(দুর্গাপুর-পুঠিয়া) নির্বাচনী এলাকা।
০২। জেলা ম্যাজিস্ট্রেট,রাজশাহী।
০৩। পুলিশ সুপার, রাজশাহী।
০৪। সিনিয়র সহকারী সচিব,স্বরাষ্ট্র মন্ত্রনালয়, রাজনৈতিক শাখা-২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৫। চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন শৃংখলা কমিটি, দূর্গাপুর,রাজশাহী।
০৬। মেয়র,দূর্গাপুর পৌরসভা, দূর্গাপুর, রাজশাহী।
০৭। সহকারী কমিশনার (ভূমি), দূর্গাপুর, রাজশাহী।
০৮। উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দূর্গাপুর, রাজশাহী।
০৯। অফিসার ইনচার্জ,দূর্গাপুর থানা, দূর্গাপুর, রাজশাহী।
১০। চেয়ারম্যান,নওপাড়া/কিসমতগণকৈড়/পানানগর/দেলুয়াবাড়ী/ঝালুকা/মাড়িয়া/জয়নগর ইউনিয়ন পরিষদ,দূর্গাপুর,রাজশাহী।
১১। জনাব.........................................................................

(মোঃ আনোয়ার সাদাত)
উপজেলা নির্বাহী অফিসার
দূর্গাপুর,রাজশাহী